ঠাকুরগাঁওয়ে ১২৫ জুলাই যোদ্ধাকে উচ্চ ফলনশীল সরিষা বীজ বিতরণ

শামসুল আলম, ঠাকুরগাঁও:: ভোজ্যতেল উৎপাদনে আত্মনির্ভরতা অর্জন ও তরুণদের কৃষিতে সম্পৃক্ত করতে ঠাকুরগাঁওয়ে ১২৫ জন তরুণ কৃষি উদ্যোক্তা বা ‘জুলাই যোদ্ধা’র মাঝে উচ্চ ফলনশীল সরিষা বীজ (বিনা-১১) বিতরণ করেছে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)।

বুধবার (আজ) সদর উপজেলা হলরুমে ‘ডিএই তারুণ্যের উৎসব’ শীর্ষক বিশেষ প্রণোদনা বিতরণ কর্মসূচিতে উদ্যোক্তাদের হাতে বীজ তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঠাকুরগাঁও সদর উপজেলা কৃষি কর্মকর্তা নাসিরুল আলম। প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মাজেদুল ইসলাম। তিনি বলেন, “দেশের আধুনিক কৃষিতে তরুণদের সম্পৃক্ত করাই আমাদের মূল লক্ষ্য। আমরা চাই তারা কৃষিকে শুধু পেশা নয়, উদ্যোক্তা হিসেবে দেখুক।”
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি প্রশিক্ষণ কর্মকর্তা শামীমা নাজনীন।
অনুষ্ঠানে প্রণোদনা গ্রহণকারী উদ্যোক্তাদের মধ্যে সালন্দর ইউনিয়নের জাহিদুল ইসলাম ও চিলারং ইউনিয়নের হুমায়ুন আহমেদ কৃষি বিভাগের এই সময়োপযোগী উদ্যোগকে স্বাগত জানিয়ে সংশ্লিষ্টদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

কৃষি বিভাগ জানিয়েছে, এ ধরনের উদ্যোগের মাধ্যমে তরুণ কৃষকদের কৃষি উদ্ভাবন ও উৎপাদন বৃদ্ধির পাশাপাশি ভোজ্যতেলে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।